শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরী নং: ৪২৪ তারিখ: 15 JUL 2026
তারিখ: ১২/০৭/২০২৬ খ্রি. সচিব

মহাপরিচালকের কার্যালয়
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.ecrad.org.bd

স্মারক নং- ৮২.১৬.০০০০.০০০.১০৭.০১.০২৭৭.২৬.৬৬২

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
[দৃষ্টি আকর্ষণ: উপসচিব (বিধিবদ্ধ নিরীক্ষা)

বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্পের ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন, বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্পের ২০২৪-২০২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষা কার্যক্রম গত ২৯/০৩/২০২৬ খ্রি. হতে ১১/০৬/২০২৬ খ্রি. পর্যন্ত সময়ে সম্পন্ন করে একটি নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) প্রণয়ন করা হয়। উক্ত প্রতিবেদনে মোট ০৭ টি অনুচ্ছেদ রয়েছে। তন্মধ্যে ০৫ টি অনুচ্ছেদকে (অনুচ্ছেদ নং- ০১ হতে ০৫) গুরুতর আর্থিক অনিয়ম (SFI) এবং অবশিষ্ট ০২ টি অনুচ্ছেদকে (অনুচ্ছেদ নং- ০৬ ও ০৭) সাধারণ অনুচ্ছেদ (Non SFI) হিসেবে চিহ্নিত করা হয়েছে।

এমতাবস্থায়, উপরিউক্ত অনুচ্ছেদসমূহের ব্রডশিট জবাব আগামী ৩ (তিন) সপ্তাহের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

১২/০৭/২০২৬
(এমদাদুল ইসলাম)
উপপরিচালক, সেক্টর-০৫
ফোন:০২-২২৬৬৬৩০৬৫

সংযুক্তি:
১. নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) এক (০১) সেট।

স্মারক নং- ৮২.১৬.০০০০.০০০.১০৭.০১.০২৭৭.২৬.৬৬২ তারিখ: ১২/০৭/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
৪। অফিস কপি
৫। গার্ড ফাইল।

এসএফআইভুক্ত অনুচ্ছেদসমূহের ব্রডশিট জবাব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে এবং নন-এসএফআইভুক্ত অনুচ্ছেদসমূহের ব্রডশিট জবাব সরাসরি ০৩ (তিন) সপ্তাহের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (অডিট ও আইন)
এর দপ্তর
ডকেট নং: ৬৩৫ তারিখ: ২০/৭/২৬
যুগ্মসচিব (অডিট ও আইন)
উপসচিব (অডিট ও আইন)
সি: সহ: সচিব/সহ: সচিব (অডিট)
সি: সহ: সচিব/সহ: সচিব (আইন)
অতিরিক্ত সচিব

(এমদাদুল ইসলাম)
উপপরিচালক, সেক্টর-০৫
ফোন:০২-২২৬৬৬৩০৬৫

AO
২৫/৭/২০২৬

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন, বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প এর ২০২৪-২০২৫ অর্থবছরের হিসাব সংক্রান্ত কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট

নিরীক্ষা বছরঃ ২০২৫-২০২৬

শিক্ষা অডিট অধিদপ্তর

## সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | অংশ-১ | |
| ১ | এনটিটির নাম | ০৪ |
| ২ | নিরীক্ষার সময় | ০৪ |
| ৩ | অর্থবছর | ০৪ |
| ৪ | এনটিটির সংক্ষিপ্ত বর্ণনা | ০৪ |
| ৫ | নিরীক্ষার আওতা | ০৪ |
| ৬ | নির্ণায়ক | ০৫ |
| ৭ | স্ট্যান্ডার্ড | ০৫ |
| ৮ | নিরীক্ষা দলের পরিচিতি | ০৫ |
| ৯ | নিরীক্ষা দল কর্তৃক পরিদর্শনকৃত প্রতিষ্ঠান/ইউনিটের অবস্থান | ০৫ |
| ১০ | এনটিটি সম্পর্কে ধারণা লাভ করতে নিরীক্ষা দল কর্তৃক মাঠ পর্যায়ের ভ্রমণ | ০৫ |
| ১১ | নিরীক্ষা দল কর্তৃক চাহিদাকৃত রেকর্ড, ডকুমেন্টস, তথ্যাদি | ০৫-০৬ |
| ১২ | এনটিটি কর্তৃক সরবরাহকৃত তথ্যাদি | ০৬ |
| ১৩ | এনটিটি কর্তৃক সরবরাহ করা হয়নি এমন রেকর্ড/তথ্যাদি | ০৬ |
| ১৪ | এনটিটির কর্মকর্তাদের সাথে সভার সংখ্যা ও তারিখ | ০৬ |
| ১৫ | নিরীক্ষা চলাকালে নিরীক্ষা নিযুক্তি দল কর্তৃক এনটিটি বরাবর জারিকৃত অডিট কোয়েরীর মোট সংখ্যা | ০৬ |
| ১৬ | জবাব দেওয়া হয়েছে এমন অডিট কোয়েরীর সংখ্যা | ০৬ |
| ১৭ | নিরীক্ষা চলাকালে নিরীক্ষা দল কর্তৃক এনটিটির বরাবর জারিকৃত নিরীক্ষা অবজারভেশন এর মোট সংখ্যা | ০৭ |
| ১৮ | জবাব দেয়া হয়েছে এমন অডিট মেমোর সংখ্যা | ০৭ |
| ১৯ | নিরীক্ষা দল কর্তৃক জমা দেওয়া খসড়া পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়নি এমন নিরীক্ষা অবজারবেশনের সংখ্যা | ০৭ |
| ২০ | কোন ফাইন্ডিং বা অবজারবেশন যা নিরীক্ষা চলাকালে উত্থাপিত হয়নি কিন্তু নতুন ঘটনার প্রেক্ষিতে নিরীক্ষা দল/সিএজি কার্যালয় এর নজরে আসার কারণে এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়েছে (হ্যাঁ/না অনুচ্ছেদ নম্বরসহ) | ০৭ |
| | অংশ-২ | |
| ২১ | অনুচ্ছেদসমূহ | ০৯-১৬ |
| | পরিশিষ্টসমূহ | |
| ২২ | পরিশিষ্ট | ১৭-২৮ |

# অংশ-১

(১) এনটিটির নামঃ বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প

(২) নিরীক্ষার সময় (দিন/মাস/বছর) হতে (দিন/মাস/বছর): ২৯/০৩/২০২৬ খ্রি. হতে ১২/০৬/২০২৬ খ্রি.

(৩) অর্থবছরঃ ২০২৪-২০২৫

(৪) এনটিটির সংক্ষিপ্ত বর্ণনাঃ

বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন' শীর্ষক প্রকল্পটি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীনে কারিগরি শিক্ষা অধিদপ্তর দ্বারা বাস্তবায়িত একটি গুরুত্বপূর্ণ সরকারি উদ্যোগ। ৩৪০ কোটি টাকা ব্যয়ে ভূমি জরিপ শিক্ষায় দক্ষ জনবল তৈরি এবং আধুনিক প্রযুক্তিনির্ভর জরিপ ব্যবস্থা গড়ে তোলাই এই প্রকল্পের মূল লক্ষ্য। প্রকল্পের উদ্দেশ্যদক্ষ জনবল তৈরিঃ দেশ-বিদেশের শ্রমবাজারের চ্যালেঞ্জ মোকাবিলায় উচ্চ দক্ষতাসম্পন্ন সার্ভেয়ার ও টেকনিক্যাল জনশক্তি বৃদ্ধি করা। প্রফেশনাল মানবসম্পদ উন্নয়নঃ ডিপ্লোমা লেভেলে প্রায় ৮০০ জন প্রফেশনাল জনবল তৈরি করা। ভৌত অবকাঠামো ও আধুনিকায়নঃ ভূমি জরিপ শিক্ষার মানোন্নয়নে প্রয়োজনীয় যন্ত্রপাতি, মেশিনারী ও আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা করা এবং ল্যান্ড সার্ভে ইন্সটিটিউটগুলোর ভৌত সুবিধা বৃদ্ধি করা।

(৫) নিরীক্ষার আওতাঃ

বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন' শীর্ষক প্রকল্প এর ২০২৪-২০২৫ অর্থবছরের আয় ও ব্যয় নিরীক্ষার আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

(৬) নির্ণায়ক হিসেবে ব্যবহৃত অথরিটিঃ

১. সরকারি আদেশ নির্দেশ
২. বাজেট বরাদ্দ প্রাপ্তি ও বন্টন ব্যবস্থাপনা, ট্রেজারী রুলস
৩. জেনারেল ফিনান্সিয়াল রুলস
৪. পিপিএ-২০০৬/পিপিআর-২০০৮
৫. ডেলিগেশন অব ফিনান্সিয়াল পাওয়ার ২০১৫
৬. টিও এন্ড ই
৭. ভ্যাট ও আয়কর সংক্রান্ত NBR এর আদেশ

(৭) অনুসরণকৃত স্ট্যান্ডার্ডঃ

Complince Audit Guideline
Government Auditing Standards of Bangladesh
Code Of Ethics
Quality Control System

(৮) নিরীক্ষা দলের পরিচিতিঃ

| ক্রমিক নং | নাম | পদবি | নিরীক্ষা দলের অবস্থান |
|---|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ মিজানুর রহমান মুন্সী | এএন্ডএও | দলনেতা |
| ২ | জনাব হেলাল হোসাইন পাটোয়ারী | এসএএস সুপার | সদস্য |
| ৩ | জনাব এম. আপেল মাহমুদ | অডিটর | সদস্য |
| ৪ | জনাব এ.বি.এম গোলাম সাকলায়েন | এএন্ডএও | দলনেতা |
| ৫ | জনাব মাহমুদ মোস্তফা | এসএএস সুপার | সদস্য |
| ৬ | জনাব মোহাম্মদ নুরুল আলম ভুঁইয়া | এসএএস সুপার | সদস্য |
| ৭ | জনাব ফয়সাল আহমেদ | এএন্ডএও | দলনেতা |
| ৮ | জনাব মোঃ মিজানুর রহমান | এসএএস সুপার | সদস্য |
| ৯ | জনাব মোঃ আবদুল কুদ্দুস | অডিটর | সদস্য |

(৯) নিরীক্ষা দল কর্তৃক পরিদর্শনকৃত প্রতিষ্ঠান/ইউনিটের অবস্থানঃ বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,পটুয়াখালী ও কুমিল্লা।

(১০) এনটিটি সম্পর্কে ধারণা লাভ করতে নিরীক্ষা দল কর্তৃক মাঠ পর্যায়ের ভ্রমণঃ ২৯/০৩/২০২৬ খ্রি. হতে ১২/০৬/২০২৬ খ্রি. অর্থবছরঃ ২০২৪-২০২৫

**(১১) নিরীক্ষা দল কর্তৃক চাহিদাকৃত রেকর্ড, ডকুমেন্টস এবং তথ্যের তালিকা:**

১. অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan)

২. ২০২৪-২০২৫ অর্থবছরের নিজস্ব আয়, সরকারি অনুদান ও অন্যান্য আয়, খাতভিত্তিক বাজেট বরাদ্দ ও ব্যয় বিবরণী।

৩. বিগত বছরের অডিট রিপোর্ট এবং অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন

৪. ক্যাশবুক, বিল রেজিস্টার, সাবসিডিয়ারি রেজিস্টারসমূহ ও ভান্ডারের হিসাব সংরক্ষণ রেজিস্টার (স্টক ও ডেড স্টক রেজিস্টার)

৫. ২০২৪-২০২৫ অর্থবছরের খাত/কোড ভিত্তিক সকল খরচের বিল-ভাউচার

৬. সকল হিসাবের জুলাই/২০২৪ হতে জুন/২০২৫ পর্যন্ত সময়ের ব্যাংক হিসাব বিবরণী (Bank Statement), ব্যাংক রিকনসিলিয়েশন বিবরণী (Bank Reconciliation Statement), চেক রেজিস্টার, ব্যবহৃত চেক বই ও চেকের মুড়ি (নিরীক্ষাকৃত অর্থবছরের)

৭. পূর্ত কাজের টেন্ডারিং নথি, টেন্ডার ডকুমেন্টস, দাপ্তরিক ব্যয় প্রাক্কলন, বাজার দর যাচাই প্রতিবেদন, কাজের নক্সা, দরপত্র বিজ্ঞপ্তি, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন, কার্যাদেশ ও চুক্তিপত্র

৮. ঠিকাদার/সরবরাহকারী কর্তৃক মালামাল, সেবা ক্রয়ের টেন্ডার নথি, টেন্ডার ডকুমেন্টস, প্রাক্কলিত দর, বাজার যাচাই, দরপত্র বিজ্ঞপ্তি, তুলনামূলক বিবরণী, কার্যাদেশ, চুক্তিপত্র, মালামাল বুঝে পাওয়ার স্বপক্ষে সরবরাহ ও গ্রহণ রেজিস্টার ও জামানত কর্তন-পরিশোধসহ ঠিকাদারী পরিশোধ সংক্রান্ত সকল ব্যয়ের নথি

৯. ঠিকাদার লেজার রেজিস্টার, সিকিউরিটি ডিপোজিট রেজিস্টার, আয়কর ও ভ্যাট কর্তন রেজিস্টার

১০. টেস্ট রিপোর্ট, বীমা না করার নথি, পিজি এর মেয়াদ বৃদ্ধির নথি

১১. জিসিজি/পিসিসি ,এমবি বহি, বিওকিউ, ড্রইং-ডিজাইন এর কপি

১২. জরিমানা আদায় সংক্রান্ত কপি, ভেরিয়েশনের সকল নথি

১৩. সকল টেন্ডারসহ আইডিসহ কাজের তালিকা

১৪.পোগ্রেস রিপোর্ট এর কপি

**(১২) এনটিটি কর্তৃক সরবরাহকৃত রেকর্ড, ডকুমেন্ট এবং তথ্যের তালিকা:**

১. অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan)

২. ২০২৪-২০২৫ অর্থবছরের নিজস্ব আয়, সরকারি অনুদান ও অন্যান্য আয়, খাতভিত্তিক বাজেট বরাদ্দ ও ব্যয় বিবরণী।

৩. বিগত বছরের অডিট রিপোর্ট এবং অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন

৪. ক্যাশবুক, বিল রেজিস্টার, সাবসিডিয়ারি রেজিস্টারসমূহ ও ভান্ডারের হিসাব সংরক্ষণ রেজিস্টার (স্টক ও ডেড স্টক রেজিস্টার)

৫. ২০২৪-২০২৫ অর্থবছরের খাত/কোড ভিত্তিক সকল খরচের বিল-ভাউচার

৬. সকল হিসাবের জুলাই/২০২৪ হতে জুন/২০২৫ পর্যন্ত সময়ের ব্যাংক হিসাব বিবরণী (Bank Statement), ব্যাংক রিকনসিলিয়েশন বিবরণী (Bank Reconciliation Statement), চেক রেজিস্টার, ব্যবহৃত চেক বই ও চেকের মুড়ি (নিরীক্ষাকৃত অর্থবছরের)

৭. পূর্ত কাজের টেন্ডারিং নথি, টেন্ডার ডকুমেন্টস, দাপ্তরিক ব্যয় প্রাক্কলন, বাজার দর যাচাই প্রতিবেদন, কাজের নক্সা, দরপত্র বিজ্ঞপ্তি, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন, কার্যাদেশ ও চুক্তিপত্র

৮. ঠিকাদার/সরবরাহকারী কর্তৃক মালামাল, সেবা ক্রয়ের টেন্ডার নথি, টেন্ডার ডকুমেন্টস, প্রাক্কলিত দর, বাজার যাচাই, দরপত্র বিজ্ঞপ্তি, তুলনামূলক বিবরণী, কার্যাদেশ, চুক্তিপত্র, মালামাল বুঝে পাওয়ার স্বপক্ষে সরবরাহ ও গ্রহণ রেজিস্টার ও জামানত কর্তন-পরিশোধসহ ঠিকাদারী পরিশোধ সংক্রান্ত সকল ব্যয়ের নথি

৯. ঠিকাদার লেজার রেজিস্টার, সিকিউরিটি ডিপোজিট রেজিস্টার, আয়কর ও ভ্যাট কর্তন রেজিস্টার

১০. টেস্ট রিপোর্ট, বীমা না করার নথি, পিজি এর মেয়াদ বৃদ্ধির নথি

১১. জিসিজি/পিসিসি ,এমবি বহি, বিওকিউ, ড্রইং-ডিজাইন এর কপি

১২. জরিমানা আদায় সংক্রান্ত কপি, ভেরিয়েশনের সকল নথি

১৩. সকল টেন্ডারসহ আইডিসহ কাজের তালিকা

১৪.পোগ্রেস রিপোর্ট এর কপি

**(১৩) এনটিটি কর্তৃক সরবরাহ করা হয়নি এমন রেকর্ড, ডকুমেন্ট এবং তথ্যের তালিকা:** প্রযোজ্য নয়

(১৪) এনটিটির কর্মকর্তাদের সাথে সভার সংখ্যা ও তারিখঃ ০১ টি, ১৫/০৬/২০২৬ খ্রি.

(১৫) নিরীক্ষা চলাকালে নিরীক্ষানিযুক্তি দল কর্তৃক এনটিটি বরাবর জারিকৃত অডিট কোয়েরীর মোট সংখ্যাঃ ০৭ টি

(১৬) জবাব দেওয়া হয়েছে এমন অডিট কোয়েরীর সংখ্যাঃ ০৭টি

(১৭) নিরীক্ষা চলাকালে নিরীক্ষা দল কর্তৃক এনটিটির বরাবর জারিকৃত নিরীক্ষা অবজারভেশন এর মোট সংখ্যাঃ ০৭টি

(১৮) জবাব দেয়া হয়েছে এমন অডিট মেমোর সংখ্যাঃ ০৭টি

(১৯) নিরীক্ষা দল কর্তৃক জমা দেওয়া খসড়া পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়নি এমন নিরীক্ষা অবজারবেশনের সংখ্যাঃ নাই

(২০) কোন ফাইন্ডিং বা অবজারবেশন যা নিরীক্ষা চলাকালে উত্থাপিত হয়নি কিন্তু নতুন ঘটনার প্রেক্ষিতে নিরীক্ষা দল/সিএজি কার্যালয়ের নজরে আসার কারণে এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়েছে (হ্যাঁ/না অনুচ্ছেদ নম্বর সহ): হ্যাঁ

অংশ-২

(অনুচ্ছেদসমূহের তালিকা)

# অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| ক্রমিক | শিরোনাম | জড়িত অর্থ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | **প্রকল্প পরিচালকের কার্যালয়, বাংলাদেশ ভূমি জরিপ উন্নয়ন শীর্ষক প্রকল্প** | | |
| ১ | প্রকল্পের ভবন নির্মাণ কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও আসবাবপত্র ক্রয়ের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতি/অপচয় এবং আসবাবপত্র ক্রয়ে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ঠিকাদারের বিল হতে ভ্যাট কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি | ৩৬৯২৫২৪২ | SFI |
| | **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বাংলাদেশ ভূমি জরিপ উন্নয়ন শীর্ষক প্রকল্পের আপত্তিসমূহ** | | |
| ২ | বিধিবহির্ভূতভাবে এবং অযৌক্তিক কারণে সময়বর্ধন অনুমোদন করে বিলম্ব জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি | ৫৪২৪৪০০ | SFI |
| ৩ | চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক বিভিন্ন ঝুঁকির উপর বীমা না করায় বীমা প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ সরকারের রাজস্ব ক্ষতি | ৯৫০৯১ | SFI |
| ৪ | মাটি খননে মাটির রয়্যালটি বাবদ অর্থ কর্তন না করে ঠিকাদারের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি | ৩৭৯১৫ | SFI |
| ৫ | প্রাপ্য না হওয়া সত্ত্বেও ল্যাপিং এর মূল্য ঠিকাদারকে পরিশোধ করায় আর্থিক ক্ষতি | ১৪৭৩৬৮ | SFI |
| ৬ | Pre-cast Pile আইটেমের মধ্যে Centering and Shuttering আইটেম অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও অন্য আইটেম সৃষ্টি করে আলাদাভাবে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক | ৪৪৫৫৮৯ | Non SFI |
| ৭ | পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধি না করেই অনিয়মিতভাবে বিল পরিশোধ | ৯৪০৮৭৪৮ | Non SFI |
| | মোট | ৫,২৪,৮৪,৩৫৩ | |

**[কথায়: পাঁচ কোটি চব্বিশ লক্ষ চুরাশি হাজার তিনশত তিপ্পান্ন ।]**

অনুচ্ছেদ নম্বরঃ ০১

**শিরোনামঃ প্রকল্পের ভবন নির্মাণ কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও আসবাবপত্র ক্রয়ের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতি/অপচয় করা হয়েছে ৩,৬২,১৬,৬৫৫ (তিন কোটি বাষট্টি লক্ষ ষোলো হাজার ছয়শত পঞ্চান্ন) টাকা এবং আসবাবপত্র ক্রয়ে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ঠিকাদারের বিল হতে ভ্যাট কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতি ৭,০৮,৫৮৭ (সাত লক্ষ আট হাজার পাঁচশত সাতাশি) টাকাসহ মোট ৩,৬৯,২৫,২৪২ (তিন কোটি উনসত্তর লক্ষ পঁচিশ হাজার দুইশত বিয়াল্লিশ) টাকা ।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন, প্রকল্প পরিচালক, বাংলাদেশ ভূমি জরিপ উন্নয়ন শীর্ষক প্রকল্পের ২০২৪-২০২৫ অর্থবছরে প্রকল্পের ভবন নির্মাণ কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও আসবাবপত্র ক্রয়ের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতি/অপচয় করা হয়েছে ৩,৬২,১৬,৬৫৫ টাকা এবং আসবাবপত্র ক্রয়ে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ঠিকাদারের বিল হতে ভ্যাট কর্তন করায় সরকারের ৭,০৮,৫৮৭ টাকাসহ মোট ৩,৬৯,২৫,২৪২ টাকা ক্ষতি/অপচয় এবং রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বাংলাদেশ ভূমি জরিপ উন্নয়ন শীর্ষক প্রকল্পের আসবাবপত্র ক্রয় সংক্রান্ত কাজের প্রাক্কলন, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন, কার্যাদেশ, চালান, বিল, ব্যবহারকারির তালিকা পর্যালোচনা করে দেখা যায় যে, বাংলাদেশ সরকারি সার্ভে ইন্সটিটিউট, রামমালা কুমিল্লা কার্যালয়ের আসবাবপত্র ক্রয়ের জন্য ফার্নিচার কনসেপ্ট এন্ড ইনটেরিয়র লিঃ এর সঙ্গে ৩,৬২,১৬,৬৫৫ টাকার চুক্তি সম্পন্ন হয়। কিন্তু বাস্তব যাচাই করে দেখা যায় যে, কুমিল্লা ল্যান্ড সার্ভে ইন্সটিটিউটের ৫ তলা ভিত বিশিষ্ট প্রশাসনিক ভবন, বহুমুখী ভবন, শিক্ষকের বাসভবন, স্টাফ কোয়াটারসহ ৪ তলা বিশিষ্ট ছাত্র হোস্টেল এর নির্মাণ কাজ সম্পন্ন হয়নি এবং ৪ তলা বিশিষ্ট মহিলা হোস্টেল নির্মাণ কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও উক্ত আসবাবপত্রগুলো ০৫/১১/২০২৪ খ্রি. তারিখে অধ্যক্ষ কর্তৃক গ্রহণ করা হয়। উল্লেখ্য যে, ২৬/০৫/২০২৫ খ্রি. প্রশাসনিক ভবন, ১২/০১/২০২৫ খ্রি. ছাত্র হোস্টেল, ২৩/০৬/২০২৫ খ্রি. টিচার্স ডরমেটরী এবং ১৩/০৮/২০২৫ খ্রি. মাল্টিপারপাস ভবনসহ ভবনগুলো বুঝে নেওয়া হয়। ২৮/০৬/২০২৬ খ্রি. তারিখে বাংলাদেশ সরকারি সার্ভে ইন্সটিটিউট, রামমালা কুমিল্লা কার্যালয়ে সরেজমিনে গিয়ে দেখা যায় যে ভবনের কাজ অসমাপ্ত থাকা অবস্থায় আসবাবপত্রগুলো (১-৫০ আইটেম) যত্রতত্র স্তুপিকৃত অবস্থায় এবং প্যাকেট করা অবস্থায় রাখা হয়েছে যার অনেক অংশ নষ্ট অবস্থায় পাওয়া যায়। এ ব্যাপারে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহোদয় বলেন, প্রকল্প পরিচালকের নির্দেশক্রমে ভবন নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পূর্বেই আসবাবপত্রসমূহ গ্রহণ করা হয়েছে। জিএফআর, বিধি-১৫২ অনুযায়ী সরকারি কাজের সুনির্দিষ্ট প্রয়োজন অনুযায়ী ক্রয় অবশ্যই মিতব্যয়িতার সাথে সম্পন্ন করতে হবে। যে সকল বরাদ্দ লাভজনকভাবে ব্যয় করা যায় না তা জনস্বার্থে সমর্পণ করতে হবে। অতএব, উল্লিখিত বিধান লংঘন করে ভবন নির্মাণ কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও আসবাবপত্র ক্রয়ের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতি/অপচয় করা হয়েছে ৩,৬২,১৬,৬৫৫ টাকা।

অধিকন্তু, বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্প কাজের বিল ভাউচার, মূসক চালান ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, পরিশিষ্টে বর্ণিত আসবাবপত্র ক্রয় কাজের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান Furniture Concept & Interior Ltd কে ৩,৬২,১৬,৬৫৫.৬৯৪ টাকার বিল প্রদান করা হয়। উক্ত কাজে ঠিকাদার মূসক চালানের (৬.৩) মাধ্যমে ৪৭,২৩,৯১১.৬১ টাকা ভ্যাট প্রদান করে। ফলে প্রদানকৃত ৩,৬২,১৬,৬৫৫.৬৯৪ টাকার উপর ১৫% হারে ভ্যাট বাবদ ৫৪,৩২,৪৯৮ টাকার স্থলে (৫৪,৩২,৪৯৮-৪৭,২৩,৯১১.৬১)=৭,০৮,৫৮৭ টাকা কম কর্তণ করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নম্বর-২৪০-আইন/২০২১/১৬৩-মূসক, তারিখঃ ১৯জুন, ২০২১ খ্রি. মোতাবেক আসবাবপত্র বিপণন কেন্দ্র এর সেবার কোড (S024.00) এর ১৫% হারে হারে ভ্যাট কর্তন করার নির্দেশনা রয়েছে। কিন্তু এক্ষেত্রে উক্ত আদেশসমূহ লঙ্ঘনপূর্বক ভবন নির্মাণ কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও আসবাবপত্র ক্রয়ের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতি/অপচয় করা হয়েছে ৩,৬২,১৬,৬৫৫ এবং নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট কর্তন করায় সরকারের ৭,০৮,৫৮৭ টাকাসহ মোট (৩,৬২,১৬,৬৫৫+৭,০৮,৫৮৭)= ৩,৬৯,২৫,২৪২ টাকা সরকারি অর্থের ক্ষতি/অপচয়সহ রাজস্ব ক্ষতি হয়েছে [**পরিশিষ্ট- ১.১ (ক)-১.১ (খ) দ্রষ্টব্য**]।

**অনিয়মের কারণঃ** জিএফআর, বিধি-১৫২ লংঘন করে অফিস সরঞ্জাম এবং আসবাবপত্র ক্রয়ের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতি/অপচয় করা হয় এবং জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নম্বর-২৪০-আইন/২০২১/১৬৩-মূসক, তারিখঃ ১৯জুন, ২০২১ খ্রি. মোতাবেক আসবাবপত্র বিপণন কেন্দ্র এর সেবার কোড (S024.00) এর ১৫% হারে হারে ভ্যাট কর্তন করার নির্দেশনা রয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ** মূসক কম কর্তনের বিষয়টি যাচাই-বাছাই ও পরীক্ষান্তে ব্রডসীট আকারে অডিট অধিদপ্তরকে জানানো হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ, ভবন নির্মাণ কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও আসবাবপত্র ক্রয়ের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতি/অপচয় করায় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বিরুদ্ধে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ অনুযায়ী ভ্যাট কর্তন না করায় সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে।

**নিরীক্ষা সুপারিশঃ** ভবন নির্মাণ কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও আসবাবপত্র ক্রয়ের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতি/অপচয় করায় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বিরুদ্ধে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।



০২/৭/২৬
এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

অনুচ্ছেদ নম্বরঃ ০২

**শিরোনামঃ বিধিবহির্ভূতভাবে এবং অযৌক্তিক কারণে সময়বর্ধন অনুমোদন করে বিলম্ব জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি ৫৪,২৪,৪০০ (চুয়ান্ন লক্ষ চব্বিশ হাজার চারশত) টাকা।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা এর বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্পের ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫ অর্থবছরে বিধি বহির্ভূতভাবে এবং অযৌক্তিক কারণে সময়বর্ধন অনুমোদন করে বিলম্ব জরিমানা আদায় না করায় সরকারের ৫৪,২৪,৪০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা এর বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্পের টেন্ডার সংক্রান্ত নথি ও বিল/ভাউচার যাচাইয়ে দেখা যায় যে, কুমিল্লা ল্যান্ড সার্ভে ইনস্টিটিউট এর ৫-তলা ভিত বিশিষ্ট ৫-তলা প্রশাসনিক ভবনের নির্মাণ কাজের জন্য ঠিকাদারগণের সাথে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ের চুক্তি সম্পাদিত হয় চুক্তি অনুযায়ী উক্ত কাজ বাস্তবায়নের জন্য ঠিকাদারকে ৫৪০ দিন সময় প্রদান করা হয়। কিন্তু ঠিকাদার বিধিবহির্ভূতভাবে এবং অযৌক্তিক কারণে উক্ত কাজ সম্পাদনের ক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে অতিরিক্ত ১০৩৪ দিন পর্যন্ত বিলম্ব করেন। বিলম্বিত সময়ের মধ্যে করোনাকালীন সময় বাদ দেওয়ার পরও (১০৩৪-২৪৪)=৭৯০ দিন সময় বর্ধনের কারণ অযৌক্তক এছাড়াও ঠিকাদার কর্তৃক নির্ধারিত সময়ে সময় বর্ধনের আবেদনের কপি নথিতে পাওয়া যায়নি এবং আবেদন বিবেচনায় পিপিআর, ২০০৮ এর বিধি ৩৯(৪) অনুযায়ী ২১ দিনের মধ্যে অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় বর্ধন করা হয়নি। উপরন্তু সম্পূর্ণ কাজ শেষ হওয়ার পর অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অযৌক্তিক কারণে নামমাত্র এল ডি (২ দিন) কর্তন করে চুক্তিকৃত সময়ের প্রায় ২ গুন পর্যন্ত সময় বর্ধন করা হয়েছে। পিপিআর, ২০০৮ এর বিধি ৩৯ (২৭) এবং চুক্তিপত্রের পিসিসি ক্লজ ৭৩.১ মোতাবেক প্রতিদিন বিলম্বের জন্য অসম্পাদিত কার্যমূল্যের ০.০৫% হতে ০.১০% হারে জরিমানা আদায় করতে হবে, তবে তা মোট চুক্তি মূল্যের ১০% এর অধিক হবে না। কিন্তু এক্ষেত্রে বিলম্ব জরিমানা কর্তন না করেই বিধিবহির্ভূতভাবে এবং অযৌক্তিক কারণে সময়বর্ধন অনুমোদন করে ঠিকাদারকে বিল পরিশোধ করায় সরকারের ৫৪,২৪,৪০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্টঃ ০২]**।

**অনিয়মের কারণঃ** পিপিআর, ২০০৮ এর বিধি ৩৯ (২৭) এবং পিসিসি ক্লজ ৭৩.১ লঙ্ঘন করে বিধিবহির্ভূতভাবে এবং অযৌক্তিক কারণে সময়বর্ধন অনুমোদন করে বিলম্ব জরিমানা আদায় করা হয়নি।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ** যৌক্তিক কারণ থাকার কারণেই তত্বধায়ক প্রকৌশলী কর্তৃক বিধি মোতাবেক বিলম্ব জরিমানা কর্তন করে সময় বর্ধন অনুমোদন করা হয়েছে। অতএব,আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, কাজের মেয়াদ শেষ হওয়ার পূর্বে ঠিকাদারগণ কর্তৃক সময় বর্ধনের কোন আবেদন নিরীক্ষাকালে পাওয়া যায়নি। যৌক্তিক কারণ ব্যতিরেকে ঠিকাদারগণ নির্ধারিত সময়ের মধ্যে কার্যসম্পাদন করতে ব্যর্থ হওয়ায় বিলম্ব জরিমানা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক ছিল।

**নিরীক্ষার সুপারিশঃ** আপত্তিকৃত বিলম্ব জরিমানা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

২২/৭/২১

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০

**অনুচ্ছেদ নম্বরঃ ০৩**

**শিরোনামঃ চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক বিভিন্ন ঝুঁকির উপর বীমা না করায় বীমা প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ সরকারের রাজস্ব ক্ষতি ৯৫,০৯১ (পঁচানব্বই হাজার একানব্বই) টাকা।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা এর বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্পের ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫ অর্থবছরের চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক বিভিন্ন ঝুঁকির উপর বীমা না করায় বীমা প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ সরকারের ৯৫,০৯১ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে উক্ত কার্যালয়ের বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্পের কাজের দরপত্র, কার্যাদেশ, বিল-ভাউচার, চুক্তিপত্র, General Conditions of Contract (GCC) 37, Particular Conditions of Contract (PCC) এবং সংশ্লিষ্ট অন্যান্য রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, উন্নয়নমূলক কাজের চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক বিভিন্ন ঝুঁকির উপর বীমা করা হয়নি। পিপিআর ২০০৮ এর বিধি ৪(৩) (ট) এবং General Conditions of Contract (GCC) Particular Conditions of Contract (PCC) ৩৭.১ মোতাবেক পূর্ত কাজের চুক্তিমুল্যের উপর বীমা করার নির্দেশনা থাকলেও আলোচ্য ক্ষেত্রে বীমা করা হয়নি। বীমা না করায় একদিকে পূর্ত কাজের নিরাপত্তা ঝুঁকি বিদ্যমান অন্যদিকে প্রিমিয়াম ৬৩৩৯৪৬ টাকার উপর ভ্যাট ১৫% বাবদ ৯৫০৯১ টাকা সরকার রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের ২৮/১১/২০০২ খ্রি. তারিখের সাধারণ আদেশ নং-১০/মূসক/২০০২ মোতাবেক বীমা প্রিমিয়ামের উপর (১৫%) হারে মূল্য সংযোজন কর (মূসক) প্রদেয় হবে। আলোচ্যক্ষেত্রে পরিশিষ্টে বর্ণিত চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক বিভিন্ন ঝুঁকির উপর বীমা না করায় প্রিমিয়াম বাবদ ৬,৩৩,৯৪৬ টাকা এবং বীমা প্রিমিয়ামের উপর ভ্যাট বাবদ সরকারের ৯৫,০৯১ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-০৩]**

**অনিয়মের কারণঃ** বীমা কর্পোরেশন আইন ২০১৯ এর ধারা ১৬, পিপিআর, ২০০৮ এর বিধি ৪(৩) (ট) এবং চুক্তিপত্রের পিসিসি ক্লজ ৩৭.১ লঙ্ঘন করে পূর্ত কাজের জন্য বীমা করা হয়নি এবং জাতীয় রাজস্ব বোর্ডের ২৮/১১/২০০২ খ্রি. তারিখের সাধারণ আদেশ নং-১০/মূসক/২০০২ লঙ্ঘন করে বীমা প্রিমিয়ামের উপর ভ্যাট কর্তন করা হয়নি।

**নিরীক্ষীত প্রতিষ্ঠানের জবাবঃ** ঠিকাদার কর্তৃক বিভিন্ন ঝুঁকির উপর বীমা করে বীমা প্রিমিয়াম বাবদ ভ্যাট সরকারি কোষাগারে জমা প্রদান করে পরবর্তীতে জবাব পাঠানো হবে। অতএব, আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিষ্পত্তি সহায়ক নয়। কারণ, চুক্তিপত্রের পিসিসি ক্লজ ৩৭.১ মোতাবেক পূর্ত কাজের জন্য বীমা করার শর্ত থাকলেও তা করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশঃ** আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

এ.বি.এম গোলাম সাকলায়েন
**অডিট এন্ড একাউন্টস অফিসার**
**শিক্ষা অডিট অধিদপ্তর**
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৪**

**শিরোনামঃ মাটি খননে মাটির রয়্যালটি বাবদ অর্থ কর্তন না করে ঠিকাদারের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৩৭,৯১৫ টাকা।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী নির্বাহী প্রকৌশলী কার্যালয়ে ২০২৪-২০২৫ অর্থবছরে মাটি খননে মাটির রয়্যালটি বাবদ অর্থ কর্তন না করে ঠিকাদারের বিল পরিশোধ করায় সরকারের **৩৭,৯১৫** টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্পের টেন্ডার নথি, এমবি, বিল/ভাউচার, টেকনিক্যাল স্পেসিফিকেশন পর্যালোচনায় দেখা যায় যে, পরিশিষ্টে বর্ণিত প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ কাজে ঠিকাদারগণের সাথে চুক্তি সম্পাদন করে কার্যাদেশ প্রদন করা হয়। উক্ত কাজে ফাউন্ডেশন ট্রেন্স খননের জন্য ডিজাইন অনুযায়ী মাটি খনন করা হলেও মাটির রয়্যালিটি বাবদ ৩৭,৯১৫ টাকা কর্তন করা হয়নি। দরপত্র দলিলের টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী খননকৃত মাটির রয়্যালটি বাবদ ঠিকাদারের বিল হতে প্রতি ঘনমিটারের জন্য ৯ টাকা টাকা হারে কর্তন করতে হবে। কিন্তু আলোচ্যক্ষেত্রে ঠিকাদারের বিল হতে মাটির রয়্যালটি কর্তন না করায় সরকারের ৩৭,৯১৫ টাকা আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-০৪ ]**।

**অনিয়মের কারণঃ** টেকনিক্যাল স্পেসিফিকেশনের লঙ্ঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবাঃ** নথিপত্র যাচাই-বাছাই করে পরবর্তীতে জবাব প্রদান করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, ঠিকাদারের বিল হতে মাটির রয়্যালটি কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

**নিরীক্ষা সুপারিশঃ** আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

২৭/৭/২৬

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৫**

**শিরোনামঃ প্রাপ্য না হওয়া সত্বেও ল্যাপিং এর মূল্য ঠিকাদারকে পরিশোধ করায় ১,৪৭,৩৬৮ টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখাল কার্যালয়ের ২০২৪-২০২৫ অর্থবছরে প্রাপ্য না হওয়া সত্বেও ল্যাপিং এর মূল্য ঠিকাদারকে ১,৪৭,৩৬৮ টাকা পরিশোধ করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প এর বর্ণিত কাজের চুক্তিপত্র, কার্যাদেশ, বিল-ভাউচার ও এমবি ইত্যাদি নিরীক্ষা করা হয়। পর্যালোচনা দেখা যায় যে, দশমিনা উপজেলায় পটুয়াখালী ল্যান্ড সার্ভে ইনস্টিটিউটের ০৫ম তলা ভিত বিশিষ্ট ৫ম তলা একাডেমিক কাম ওয়ার্কসপ ভবনের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ কাজে ঠিকাদারকে গ্রাউন্ড ফ্লোর টু ১ম ফ্লোর পর্যন্ত ৩.৬০০ মিটার বা ১১.৮১ ফুট উচ্চতা কলামের জন্য রড়ের ল্যাপিং বাবদ ঠিকাদারকে ১,৪৭,৩৬৮ টাকা পরিশোধ করা হয়েছে। ইধহমষধফবংয ঘধঃরড়হধষ ইঁরষফরহম ঈড়ফব অনুযায়ী কলামের রড়ের ল্যাপিং সাধারনত তখনই দেওয়া হয়, যখন একটি রড়ের দৈর্ঘ্য প্রয়োজনীয় উচ্চতার চেয়ে কম হয়। বর্তমান বাজারে ৪০ ফুট পর্যন্ত রড় সহজলোভ্য। এক্ষেত্রে ১১.৮১ ফুট উচ্চতা কলামের ক্ষেত্রে একটানা রড় ব্যবহারযোগ্য। কিন্তু আলোচ্যক্ষেত্রে ল্যাপিং পরিমাপ করে ঠিকাদারকে ১,৪৭,৩৬৮ টাকা পরিশোধ করা হয়েছে। **[বিস্তারিত পরিশিষ্ট-০৫]**

**অনিয়মের কারনঃ** Bangladesh National Building Code এর বিধান লঙ্ঘন করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ** চালানের মাধ্যমে জমা দিয়ে পরবর্তীতে প্রমাণক প্রেরণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিস্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, প্রাপ্য না হওয়া সত্বেও ল্যাপিং এর মূল্য ঠিকাদারকে বিল পরিশোধ আর্থিক ক্ষতি হয়েছে।

**নিরীক্ষা সুপারিশঃ** আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০

**অনুচ্ছেদ নম্বরঃ ০৬**

**শিরোনামঃ Pre-cast Pile আইটেমের মধ্যে Centering and Shuttering আইটেম অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও অন্য আইটেম সৃষ্টি করে আলাদাভাবে বিল পরিশোধ করায় সরকারের ৪,৪৫,৫৮৯ টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী কার্যালয়ের ২০২৪-২০২৫ অর্থবছরে Pre-cast Pile আইটেমের মধ্যে Centering and Shuttering আইটেম অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও অন্য আইটেম সৃষ্টি করে আলাদাভাবে বিল পরিশোধ করায় সরকারের ৪,৪৫,৫৮৯ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় নির্বাচিত বাংলাদেশ ভূমি জরিপ উন্নয়ন শীর্ষক প্রকল্পের প্রাক্কলন, দরপত্র, চুক্তিপত্র, বিল ভাউচার ও তদসংশ্লিষ্ট নথিপত্রাদি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, দশমিনা উপজেলায় পটুয়াখালী ভূমি জরিপ ইনস্টিটিউট এর একতলা মসজিদ নির্মাণ কাজে প্রি-কাস্ট পাইল তৈরির (Precast RCC Pile Casting) আইটেম দরপত্রের BOQ/Specification অনুযায়ী একটি সম্পূর্ণ (Composite) আইটেম হিসেবে অন্তর্ভুক্ত; সেই আইটেমের মধ্যে পাইল তৈরির জন্য প্রয়োজনীয় ফর্মওয়ার্ক, সেন্টারিং, শাটারিং, কাস্টিং, কম্প্যাকশন, কিউরিং ইত্যাদি আনুষঙ্গিক কাজ অন্তর্ভুক্ত । সে ক্ষেত্রে আলাদাভাবে Centering & Shuttering-এর বিল সাধারণত প্রাপ্য হয় না। কিন্তু টেন্ডার আইটেম নং-১০ এর মাধ্যমে আলাদাভাবে Centering & Shuttering এর আইটেম সৃষ্টি করে ৪,৪৫,৫৮৯ টাকা ঠিকাদারকে পরিশোধ করা হয়েছে।ট্রেজারী রুলস এর এস. আর-২৪৯ অনুযায়ী প্রকৃত কাজ সম্পাদন বা প্রকৃত পণ্য সরবরাহ গ্রহণ ব্যতিত ঠিকাদারকে কোন অর্থ পরিশোধ করা যাবে না মর্মে নির্দেশনা রয়েছে। সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ধারা ২৩(১)(ক) মোতাবেক কোনো সরকারি কর্মকর্তা এই আইনের অধীন তাহার উপর অর্পিত দায়িত্ব পালনের ক্ষেত্রে ইচ্ছাকৃত কিংবা অবহেলাজনিত কারণে ব্যর্থ হলে আর্থিক অসদাচরণের জন্য অভিযুক্ত সরকারি কর্মকর্তার বিরুদ্ধে প্রযোজ্য আইন বা বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং জিএফআর-১০ অনুযায়ী সরকারি অর্থ মিতব্যয়িতার সাথে ব্যয় করা বিভাগীয় প্রধানের দায়িত্ব। কিন্তু এক্ষত্রে উক্ত অনুশাসন না মেনে আলাদাভাবে Centering & Shuttering এর কাজের জন্য ঠিকাদারকে পরিশোধ করায় সরকারের ৪,৪৫,৫৮৯ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। [**বিস্তারিত পরিশিষ্ট-০৬** ]।

**অনিয়মের কারণঃ** ট্রেজারী রুলস এর এস. আর-২৪৯, সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ধারা ২৩(১)(ক) এবং জিএফআর-১০ এর নির্দেশনা লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ** নথিপত্র যাচাই বাছাই করে পরবর্তীতে জবাব প্রেরণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, প্রি-কাস্ট পাইল তৈরির আইটেমের মধ্যে Centering & Shuttering-এর কাজ অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও আলাদাভাবে Centering & Shuttering-এর আইটেম দেখিয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি হয়েছে।

**নিরীক্ষা সুপারিশঃ** আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

২৭।৭।২৫

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
**শিক্ষা অডিট অধিদপ্তর**
...টি কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

**অনুচ্ছেদ নম্বরঃ ০৭**

**শিরোনামঃ পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধি না করেই অনিয়মিতভাবে বিল পরিশোধ ৯৪,০৮,৭৪৮- (চুরানব্বই লক্ষ আট হাজার সাতশত আট চল্লিশ) টাকা।**

**বিবরণঃ** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা এর বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্পের ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫ অর্থবছরে পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধি না করেই অনিয়মিতভাবে ৯৪,০৮,৭৪৮ টাকার বিল পরিশোধ করা হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় নির্বাহী প্রকৌশলীর কার্যালয়,কুমিল্লা এর বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্পের নির্মাণ কাজের চুক্তিপত্র, অগ্রগতি প্রতিবেদন, সময় বর্ধনের নথি, পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ, বিল-ভাউচারসহ সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, ঠিকাদার মেসার্স সরকার এন্ড সন্স, মেসার্স সৈকত কনষ্ট্রাকশন, মেসার্স এল এন এ এন্টার প্রাইজ (জেভি) কর্তৃক জমাকৃত পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরও পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধি না করেই ৯৪,০৮,৭৪৮ টাকার কাজের বিল পরিশোধ করা হয়েছে। কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পাদন না করতে পারলে এবং পারফরমেন্স সিকিউরিটির (পিএস) মেয়াদ উত্তীর্ণ হলে বিধি অনুযায়ী পারফরমেন্স সিকিউরিটির (পিএস) মেয়াদ বৃদ্ধি করা আবশ্যক। পিপিআর ২০০৮ এর বিধি ২৭(৬) মোতাবেক যদি কার্য সমাপ্তির তারিখ বৃদ্ধি করা আবশ্যক হয়, তাহলে প্রত্যাশিত কার্যসমাপ্তির নতুন তারিখের পরবর্তী ২৮ (আটাশ) দিনের জন্য কার্যসম্পাদন জামানতের বৈধতা বৃদ্ধি করতে হবে। কিন্তু এক্ষেত্রে উক্ত বিধি লঙ্ঘন করে পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধি না করেই অনিয়মিতভাবে মোট ৯৪,০৮,৭৪৮ টাকার বিল পরিশোধ করা হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট-০৭**]।

**অনিয়মের কারণঃ** পিপিআর ২০০৮ এর বিধি ২৭(৬) এর লঙ্ঘন করে পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধি না করেই ঠিকাদারকে অনিয়মিতভাবে বিল পরিশোধ করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ** পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধি করে পরবর্তীতে বিল পরিশোধ করা হবে। অতএব, আপত্তিটি নিষ্পত্তির জন্য অনোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ, পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধি না করেই ঠিকাদারকে বিল পরিশোধ করা হয়েছে।

**নিরীক্ষার সুপারিশঃ** দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

২৭/৭/২৫

এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

# পরিশিষ্টসমূহ

অনুচ্ছেদ নম্বর- ০১
পরিশিষ্ট নম্বর- ১ (ক)

প্রকল্পের নাম: প্রকল্প পরিচালকের কার্যালয়, বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প
অর্থবছর: ২০২৪-২০২৫
বিষয়: প্রকল্পের ভবন নির্মাণ কাজ সম্পন্ন না হওয়া সত্ত্বেও আসবাবপত্র ক্রয়ের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতি/অপচয়ের বিবরণী।

| আইটেম নম্বর | আইটেমের নাম | আইটেমের সংখ্যা | দর | টাকার পরিমাণ | ভাউচার নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫= (৩x৪) | ৬ |
| ১ | Full Secretariat Table (Executive) | ৩ | ২০৬৭৮ | ৬২০৩৪ | ৬৩,<br>তারিখ: ১০/১১/২০২৪ |
| ২ | Revolving Chair (Swivel Type) | ৩ | ১৫১৬৪ | ৪৫৪৯২ | |
| ৩ | Full Secretariat Table | ১৭ | ২০৬৭৮ | ৩৫১৫২৬ | |
| ৪ | Half Secretariat Table | ১৭ | ৮২৭১ | ১৪০৬০৭ | |
| ৫ | General Table With Drawer | ১৫ | ৬৮৯০ | ১০৩৩৫০ | |
| ৬ | Computer Table | ২৪২ | ৬২০০ | ১৫০০৪০০ | |
| ৭ | Computer Chair | ৪৩৪ | ৬২০০ | ২৬৯০৮০০ | |
| ৮ | Armed Cushion Chair (Back high) | ৪৬ | ৬২০০ | ২৮৫২০০ | |
| ৯ | Conference Table | ১ | ১১০২৮৪ | ১১০২৮৪ | |
| ১০ | Armed Cushion Chair (for Conference Room) | ২৫০ | ৪৪১১ | ১১০২৭৫০ | |
| ১১ | Armless Cushion Chair | ২৮০ | ৩৪৪৬ | ৯৬৪৮৮০ | |
| ১২ | Sofa Set | ২ | ৪৮২৪৯ | ৯৬৪৯৮ | |
| ১৩ | Cup Board | ১৮২ | ২৪১২৪ | ৪৩৯০৫৬৮ | |
| ১৪ | Steel Almirah | ৬১ | ২৪১২৪ | ১৪৭১৫৬৪ | |
| ১৫ | Steel File Cabinet | ৫৫ | ১৯২৯৯ | ১০৬১৪৪৫ | |
| ১৬ | Irone Safe | ১ | ৬২০৩৪ | ৬২০৩৪ | |
| ১৭ | What Not | ১৫ | ৪৮২৪ | ৭২৩৬০ | |

| আইটেম নম্বর | আইটেমের নাম | আইটেমের সংখ্যা | দর | টাকার পরিমাণ | ভাউচার নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫= (৩×৪) | ৬ |
| ১৮ | Newspaper Reading Table | ৩ | ৯৬৪৯ | ২৮৯৪৭ | |
| ১৯ | Televission Stand | ৩ | ৯৬৪৯ | ২৮৯৪৭ | |
| ২০ | Dressing Table | ২ | ১৯২৯৯ | ৩৮৫৯৮ | |
| ২১ | Alna | ২ | ১৩৭৮৫ | ২৭৫৭০ | |
| ২২ | Patient Cot | ২ | ২২০৫৬ | ৪৪১১২ | |
| ২৩ | Palong | ১ | ৩৪৪৬৩ | ৩৪৪৬৩ | |
| ২৪ | Trolley | ২৬ | ১১৭১৭ | ৩০৪৬৪২ | |
| ২৫ | Display Board | ২৬ | ৯৬৪৯ | ২৫০৮৭৪ | |
| ২৬ | White Board | ২৬ | ৮২৭১ | ২১৫০৪৬ | |
| ২৭ | Notice Board | ১০ | ৯৬৪৯ | ৯৬৪৯০ | |
| ২৮ | Working Table | ১০৮ | ৫৫১৪১ | ৫৯৫৫২২৮ | |
| ২৯ | Working Table (Chem. Lab) | ৮ | ১০৩৩৯১ | ৮২৭১২৮ | |
| ৩০ | Lecture Table | ৪৬ | ৬৮৯২ | ৩১৭০৩২ | |
| ৩১ | Instrument Rack (Steel) | ১২৫ | ১৬৫৪২ | ২০৬৭৭৫০ | |
| ৩২ | Tabloid Chair | ৪১৪ | ৪১৩৫ | ১৭১১৮৯০ | |
| ৩৩ | Cot | ১৮০ | ১৬৫৪২ | ২৯৭৭৫৬০ | |
| ৩৪ | Reading Table | ১৮০ | ৬৮৯২ | ১২৪০৫৬০ | |
| ৩৫ | Reading Table (Library) | ৮ | ২৭৫৭১ | ২২০৫৬৮ | |
| ৩৬ | Dining Table (Wooden/Fabric) | ১০ | ৫৫১৪১ | ৫৫১৪১০ | |
| ৩৭ | Armless Wooden Chair | ২৯৬ | ৫১০০ | ১৫০৯৬০০ | |
| ৩৮ | Rack (Steel) | ৫ | ১৬৫৪২ | ৮২৭১০ | |
| ৩৯ | Meat Shelf | ৫ | ৩৩০৮৫ | ১৬৫৪২৫ | |
| ৪০ | Drawer Table | ২ | ৮৯৬০ | ১৭৯২০ | |

| আইটেম নম্বর | আইটেমের নাম | আইটেমের সংখ্যা | দর | টাকার পরিমাণ | ভাউচার নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫= (৩×৪) | ৬ |
| ৪১ | Tennis Table | ১ | ৪১৩৫৬ | ৪১৩৫৬ | |
| ৪২ | Wooden Table | ১ | ১৩৭৮৫ | ১৩৭৮৫ | |
| ৪৩ | Paper Stand (Steel/Wooden) | ৪ | ৬৮৯২ | ২৭৫৬৮ | |
| ৪৪ | Student Chair with Writing Pad | ৫৫০ | ৪১৩৫ | ২২৭৪২৫০ | |
| ৪৫ | Book Shelf | ১০ | ৪১৩৫৬ | ৪১৩৫৬০ | |
| ৪৬ | Catalog Cabinet | ১ | ১৩০৯৬ | ১৩০৯৬ | |
| ৪৭ | Receiption Table with Drawers | ১ | ২০৬৭৮ | ২০৬৭৮ | |
| ৪৮ | Table (Guest, Registration, Rapporteur etc) | ৫ | ৯৬৪৯ | ৪৮২৪৫ | |
| ৪৯ | Dias or Rostrum | ১ | ১৬৫৪০ | ১৬৫৪০ | |
| ৫০ | Executive Chair for Guest | ৮ | ১৫১৬৪ | ১২১৩১২ | |
| | | | মোট | ৩,৬২,১৬,৬৫৫ | |
| কথায়: তিন কোটি বাষট্টি লক্ষ ষোলো হাজার ছয়শত পঞ্চান্ন টাকা | | | | | |
| দায়িত্বরত কর্মকর্তার নাম ও পদবি: ড. মো: শফিক উদ্দিন, প্রকল্প পরিচালক (উপসচিব), বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। | | | | | |

অনুচ্ছেদ নম্বর- ০১
পরিশিষ্ট নম্বর- ১ (খ)

প্রকল্পের নাম: প্রকল্প পরিচালকের কার্যালয়, বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প

অর্থবছর: ২০২৪-২০২৫

বিষয়: ঠিকাদারের বিল হতে নির্ধারিত হার অপেক্ষা কম হারে ভ্যাট কর্তন করায় সরকারের রাজস্ব ক্ষতির বিবরণী।

| ক্রমিক নং | বিল/ভাউচার নম্বর ও তারিখ | ঠিকাদার প্রতিষ্ঠানের নাম | কাজের বিবরণ | পরিশোধিত টাকা | কর্তনযোগ্য ভ্যাটের হার | কর্তনযোগ্য ভ্যাট (টাকা) | কর্তনকৃত ভ্যাট | কম কর্তনকৃত ভ্যাট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ = (৭-৮) | ১০ |
| ১ | ৬৩<br>১০/১১/২০২৪ | ফার্ণিচার কনসেপ্ট এন্ড ইনটেরিয়র লিঃ | ফার্ণিচার সরবরাহ | ৩৬২১৬৬৫৫ | ১৫ | ৫৪৩২৪৯৮ | ৪৭২৩৯১১ | ৭০৮৫৮৭ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প |
| | | | | | | | মোট | ৭,০৮,৫৮৭ | |
| কথায়: সাত লক্ষ আট হাজার পাঁচশত সাতাশি টাকা | | | | | | | | | |
| দায়িত্বরত কর্মকর্তার নাম ও পদবি: ড. মো: শফিক উদ্দিন, প্রকল্প পরিচালক (উপসচিব), বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। | | | | | | | | | |

অনুচ্ছেদ নম্বরঃ ০২
পরিশিষ্ট নম্বরঃ ০২

প্রতিষ্ঠানের নামঃ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা
প্রকল্পের নামঃ বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প
অর্থবছরঃ ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫
বিষয়ঃ বিধিবহির্ভূতভাবে এবং অযৌক্তিক কারণে সময়বর্ধন অনুমোদন করে বিলম্ব জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী।

| ক্র নং | প্রকল্পের নাম | প্রতিষ্ঠান/কাজের নাম ও টেন্ডার আইডি নম্বর | ঠিকাদারের নাম, চুক্তিমূল্য (টাকা) | কার্যাদেশ নম্বর, তারিখ ও কাজের মেয়াদ | চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ | প্রকৃত সম্পাদিত তারিখ ও বিলম্বিত সময় | সমাপ্ত কাজের মূল্য (টাকা) | অসমাপ্ত কাজের মূল্য (টাকা) | জরিমানাকৃত টাকা পরিমাণ (অসম্পাদিত কাজের মূল্য × ০.০৫% থেকে ০.১০% × দিন সংখ্যা বা চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% যেটি কম) | জরিমানা আদায়ের পরিমাণ (টাকা) | আদায়যোগ্য জরিমানার পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | (১০-১১) = ১২ |
| ১ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প, কুমিল্লা। | Construction of 5 Storied Administrative Building with 5 Storied Foundation; টেন্ডার আইডি-৪৯০৩০৯ | মেসার্স হাসান টেকনো বিল্ডার্স লি. ৫,৪৬,৫৫,৯৪৭ | এক্সেন/ইইড/সিইউ /২০২১ তারিখঃ ০৬/০১/২০২১ (৫৪০ দিন) | ২৭/০৬/২০২২ | ৩০/০৬/২৫ (চলমান) তারিখ পর্যন্ত বিলম্ব সময় ১০৩৪ দিন (করোনাকালীন সময় (০১-০৪-২০২১ থেকে ৩০/১১/২০২১)= ২৪৪ দিন বাদে ৭৯০দিন)। | ১৩৪৬০০০০ | ৪১১৯৫৯৪৭ | ৪১১৯৫৯৪৭ × ০.০৫%× ৭৯০ = ১৬২৭২৩৯৯ (চুক্তিমূল্যের সর্বোচ্চ ১০% যেটি কম হলে জরিমানাকৃত টাকা পরিমাণ = ৫৪৬৫৫৯৪) | ৪১১৯৪ | (৫৪৬৫৫৯৪ – ৪১১৯৪) =৫৪২৪৪০০ |
| | | | | | | | | | | মোট | ৫৪,২৪,৪০০ |
| কথায়ঃ চুয়ান্ন লক্ষ চব্বিশ হাজার চারশত টাকা | | | | | | | | | | | |

অনুচ্ছেদ নম্বরঃ ০৩
পরিশিষ্ট নম্বরঃ ০৩

প্রতিষ্ঠানের নামঃ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা
প্রকল্পের নামঃ বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প
অর্থবছরঃ ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫
বিষয়ঃ চুক্তি অনুযায়ী বীমা না করায় বীমা প্রিমিয়ামের উপর মূল্য সংযোজন কর (মূসক) অনাদায়ে সরকারের রাজস্ব ক্ষতির বিবরণী।

| ক্র. নং | প্রকল্পের নাম | কাজের বিবরণ | ঠিকাদারের নাম | কার্যাদেশ নম্বর, তারিখ এবং ও আইডি নম্বর | চুক্তি মুল্য (টাকা) | বীমা যোগ্য টাকা (১১০%) | বীমা প্রিমিয়ামের পরিমাণ (০.৫%) | প্রিমিয়ামের উপর ভ্যাটের পরিমাণ (১৫%) (টাকা) | কর্তনকৃত ভ্যাটের পরিমান | কর্তন না করা/ কম কর্তন করা (টাকা) | মোট পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৬×১১০%) | ৮ (৭×০.৫%) | ৯ | ১০ | ১১ | ১২ (৮+১১) |
| ১ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প, কুমিল্লা। | Construction of 5 Storied Staff Quarter with 5 Storied Foundation | মেসার্স সরকার এন্ড সন্স. মেসার্স সৈকত কনষ্ট্রাকশন .মেসার্স এল এন এ এন্টার প্রাইজ(জেভি) | এক্সেন/ইইড/সিইউ/২০২০/১১৮৯/১১ তারিখঃ ৩০/০৯/২০২০ টেন্ডার আইডি-৪৩৪৯১৭ | ১৯৭৫১১১৬ | ২১৭২৬২২৭ | ১০৮৬৩১ | ১৬২৯৪ | ০ | ১৬২৯৪ | ১২৪৯২৫ |
| ২ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প, কুমিল্লা। | Construction of 5 Storied Administrative Building with 5 Storied Foundation | মেসার্স হাসান টেকনো বিল্ডার্স লিঃ | এক্সেন/ইইড/সিইউ/২০২১/০৩/১১ তারিখঃ ০৬/০১/২০২১ টেন্ডার আইডি-৪৯০৩০৯ | ৫৪৬৫৫৯৪৭ | ৬০১২১৫৪১ | ৩০০৬০৭ | ৪৫০৯১ | ০ | ৪৫০৯১ | ৩৪৫৬৯৮ |
| ৩ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প, কুমিল্লা। | Construction of Retaining wall Cum Boundary,Retaining wall,Boundaary wall,Gate & Repaire of Existing Boundary wall | মেসার্স কামাল উদ্দিন | এক্সেন/ইইড/সিইউ/২০২৪/৪৮৯/১১ তারিখঃ ২৯/১০/২০২৪ টেন্ডার আইডি-৯৫৯৪৫৮ | ৪০৮৫৬০২৫ | ৪৪৯৪১৬২৭ | ২২৪৭০৮ | ৩৩৭০৬ | ০ | ৩৩৭০৬ | ২৫৮৪১৪ |
| | | | | | | মোট | ৬,৩৩,৯৪৬ | | | ৯৫,০৯১ | ৭,২৯,০৩৭ |
| কথায়ঃ পঁচানব্বই হাজার একানব্বই টাকা | | | | | | | | | | | |

অনুচ্ছেদ নম্বর: ০৪
পরিশিষ্ট নম্বর:০৪

প্রতিষ্ঠানের নামঃ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী
প্রকল্পের নাম: বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প
নিরীক্ষার সনঃ ২০২৪-২০২৫
শিরোনাম: মাটি খননে মাটির রয়্যালটি বাবদ অর্থ কর্তন না করে ঠিকাদারের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি বিবরণী।

| ক্র. নং | প্রকল্পের নাম | কাজের নাম ও আইডি নং | ঠিকাদারর নাম | কার্যাদেশ নং ও তারিখ ও চুক্তিমূল্য | বিল নং ও তারিখ | ফাউন্ডেশনে মাটি খননের পরিমাণ (ঘনমি.) | রয়্যালটি বাবদ কর্তনযোগ্য অর্থ | কর্তনযোগ্য অর্থ | ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প। | দশমিনা উপজেলায় পটুয়াখালী ভূমি জরিপ ইনস্টিটিউট এর বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | মেসার্স মহিউদ্দিন আহমেদ | ৫৫৮, তারিখ:১৩/০৬/২০২৪ ৩,০৮,৯৫,০৭১ | ০৪, তাং ২১/০৬/২০২৫ | আইটেম নং-১ A(i): ১১৫৩.৯৩৯ ঘনমিটার | ৯ টাকা | ১১৫৩.৯৩৯ ×৯ = ১০৩৮৫.৪৫ | ১০৩৮৫.৪৫ |
| ২ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প। | দশমিনা উপজেলায় পটুয়াখালী ভূমি জরিপ ইনস্টিটিউট এর মহিলা হোস্টেল নির্মাণ কাজ। | ইলেকট্রো গ্লোব-রাসেল এন্টারপ্রাইজ (জেভি) | ২৩, ৭/১/২০২৫ ৮,০০,৯৪,৬০০ | ০২, তাং ২৪/০৩/২০২৫ | আইটেম নং-৫ B(i)(ii): ৩৬৫.১২৮ ঘনমিটার | ৯ টাকা | ৩৬৫.১২৮ ×৯ = ৩২৮৬.১৫ | ৩২৮৬.১৫ |
| ৩ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প। | পটুয়াখালী ল্যান্ড সার্ভে ইনষ্টিটিউটের ০৫-তলা ভিত বিষ্টিষ্ট ৫-তলা একাডেমিক কাম ওয়ার্ক্যশপ ভবন নির্মাণ কাজ | এম. এ আর.এম-এম.এ .ই (জেভি), আইডি নং ১০২৭৭৯২ | ১০৫, ০৩/০২/২৫ | বিল নং ০৪, তাং ১৯/০৬/২৫ | আইটেম নং-৫ বি (ii)(iii) পার্ট বি-আইটেম (A-E), পার্ট সি,আইটেম নং-১ ২০৭ ঘনমিটার | ২০৭×৯ = ১৮৬৩ | ১৮৬৩ | ১৮৬৩ |
| ৪ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প। | | | | | পার্ট বি (১২) (i)(ii) পার্ট বি (v) (A-E), ২৪৮৬.৬৮ ঘনমিটার | ২৪৮৬.৬৮×৯ =২২৩৮০ | ২২৩৮০ | ২২৩৮০ |
| | | | | | | | | সর্বমোট | ৩৭,৯১৫ |
| কথায়: সাইত্রিশ হাজার নয়শত পনেরো টাকা। | | | | | | | | | |

অনুচ্ছেদ নম্বর: ০৫

পরিশিষ্ট নম্বর:০৫

প্রতিষ্ঠানের নামঃ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী

প্রকল্পের নাম: বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প

নিরীক্ষার সনঃ ২০২৪-২০২৫

শিরোনাম: প্রাপ্য না হওয়া সত্বেও ল্যাপিং এর বিল পরিশোধ করার বিবরণী।

| ক্রঃ নং | কাজের নাম | ঠিকাদারের নম | এমবি নং ও পৃষ্ঠা | আইটেমের বিবরণ | প্রদত্ত মাপ | একক দর | পরিশোধিত টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | দশমিনা উপজেলায় পটুয়াখালী ল্যান্ড সার্ভে ইনস্টিটিউটের ০৫ম তলা ভিত বিশিষ্ট ৫ম তলা একাডেমিক কাম ওয়ার্কসপ ভবনের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ কাজ। | এম এ আর এন্ড এমএই (জেভি) | এমবি -৪৮৬৬ পৃ-৩৮ | Part-Aii, Item no-10: Ground floor Column Rod, 20mm dia | Lapping= 1 x498x.640 x2.466=1228.068 | ১২০ | ১৪৭৩৬৮ |
| | | | | | | মোট | ১,৪৭,৩৬৮ |
| কথায়: এক লক্ষ সাতচল্লিশ হাজার তিনশত আটষট্টি টাকা। | | | | | | | |

অনুচ্ছেদ নম্বরঃ ০৬
পরিশিষ্ট নম্বরঃ ০৬

প্রতিষ্ঠানের নামঃ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী

প্রকল্পের নাম: বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প

নিরীক্ষার সনঃ ২০২৪-২০২৫

শিরোনামঃ Pre-cast Pile আইটেমের মধ্যে Centering and Shuttering আ্ইটেম অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও অন্য আইটেম সৃষ্টি করে আলাদাভাবে বিল পরিশোধ করার বিবরণী।

| ক্রমিক নং | কাজের নাম | ঠিকাদারের নাম | আইটেম এর বিবরণ | পরিমাণ | একক দর | মোট পরিশোধিত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | দশমিনা উপজেলায় পটুয়াখালী ভূমি জরিপ ইনস্টিটিউট এর একতলা মসজিদ নির্মাণ কাজ | এমএমই-এনএসটি (জেভি) | সিভিল পার্ট এ১ আইটেম নং-১০ Centering & Shuttering | ১১৩৯.৫১ বর্গ মিটার | ৩৯১.০৩৬ | ৪,৪৫,৫৮৯ |
| | | | | | মোট | ৪,৪৫,৫৮৯ |
| কথায়: চার লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচশত উননব্বই টাকা। | | | | | | |

অনুচ্ছেদ নম্বরঃ ০৭
পরিশিষ্ট নম্বরঃ ০৭

প্রতিষ্ঠানের নামঃ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা

প্রকল্পের নামঃ বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প।

অর্থবছরঃ ২০২৩-২০২৪ হতে ২০২৪-২০২৫

বিষয়ঃ পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধি না করেই অনিয়মিতভাবে বিল পরিশোধ করার বিবরণী।

| ক্র. নং | প্রকল্পের নাম | কাজের নাম ও টেন্ডার আইডি | ঠিকাদারের নাম | চুক্তিমুল্য (টাকা) | কার্যাদেশ নং তারিখ | কাজ সমাপ্তির তারিখ | পারফরমেন্স সিকিউরিটির মেয়াদ | পারফরমেন্স সিকিউরিটির টাকার পরিমাণ | ভাউচার নম্বর ও তারিখ | পরিশোধিত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প, কুমিল্লা। | Construction of 5 Storied Staff Quarter with 5 Storied Foundation; টেন্ডার আইডি নম্বর- ৪৩৪৯১৭ | মেসার্স সরকার এন্ড সন্স, মেসার্স সৈকত কনষ্ট্রাকশন, মেসার্স এল এন এ এন্টার প্রাইজ (জেভি) | ১,৯৭,৫১,১১৬ | এক্সেন/ইইড/সিইউ /২০২০/১১৮৯/১১ তারিখঃ ৩০/০৯/২০২০ ৫৪০ দিন | ৩০/০৩/২০২২ | ১৮/১২/২০২২ | ৯,৯০,০০০ | ০৬, ২২/০৬/২০২৫ | ৮১৮৭৪৮ | |
| | | | | | | | | | ০৪, ১৮/০৬/২০২৫ | ৩০০০০০০ | |
| | | | | | | | | | ০৪, ১৪/০৫/২০২৫ | ১৬২০০০০ | |
| | | | | | | | | | ১০, ১৩/০৬/২০২৪ | ১০০০০০০ | |
| | | | | | | | | | ০৪, ১৭/০৪/২০২৪ | ১৪৯০০০০ | |
| | | | | | | | | | ০২, ২৯/১১/২০২৩ | ৩৯০০০০ | |
| | | | | | | | | | ০৩, ১৫/০৬/২০২৩ | ৪৯০০০০ | |
| | | | | | | | | | ০২, ০৫/০৬/২০২৩ | ৬০০০০০ | |
| | | | | | | | | | মোট | ৯৪,০৮,৭৪৮ | |

কথায়: চুরানব্বই লক্ষ আট হাজার সাতশত আটচল্লিশ টাকা



এ.বি.এম গোলাম সাকলায়েন
অডিট এন্ড একাউন্টস অফিসার
শিক্ষা অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।